গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদফতর

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম

PROGRAMME ON REHABILITATION OF ACID BURNT WOMEN AND THE PHYSICALLY HANDICAPPED

বাস্তবায়ন নীতিমালা

IMPLEMENTATION MANUAL

ডিসেম্বর, ২০০২

December, 2002

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং-সসেঅ/শা-পরিকল্পনা/নথি-১৩৬২/৯৫২৪/২০০২ তারিখ : ২৪-১২-০২ইং / ১০-৯-০৯বাং

"পরিপত্র"

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর পরিচালিত 'এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন' কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ১০-১২-২০০২ইং তারিখের স্মারক নং সকম/কর্ম-শা-প্রতিবন্ধী-৫/২০০২-৯০৩ যোগে অনুমোদিত হয়েছে।

অতএব, 'এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন' কার্যক্রম বাস্তবায়নের জন্য এ নীতিমালাটি যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৪/১২/০২
(মোঃ মর্তুজা হোসেন মুন্সি)
মহাপরিচালক।

বিতরণ :

সদয় জ্ঞাতার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব, ...মন্ত্রণালয়।
৫. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কার্যার্থে :

১. বিভাগীয় কমিশনার, ...(সকল)।
২. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, ...(সকল)।
৪. পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রতিষ্ঠান/কার্যক্রম, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ...(সকল)।
৬. পুলিশ সুপার, ...(সকল)।
৭. সিভিল সার্জন, ...(সকল)।
৮. চেয়ারম্যান, পৌরসভা, ...(সকল)।
৯. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ...(সকল)।
১০. জেলা তথ্য কর্মকর্তা, ...(সকল)।
১১. জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ...(সকল)।
১২. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ...(সকল)।
১৩. উপজেলা নির্বাহী অফিসার, ...(সকল)।
১৪. সভাপতি, ন্যাশনাল ফোরাম অব অর্গানাইজেশন্স ওয়ার্কিং উইথ দি ডিসএ্যাবল্ড (NFOWD)।
১৫. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (উপজেলা সদর) ....
১৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, পুলিশ স্টেশন, ...(সকল)।
১৭. মুক্তিযোদ্ধা কমান্ডার, উপজেলা কমান্ড, ...(সকল)।
১৮. ....।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

কর্মসূচী শাখা।

নং সকম/কর্ম-শা-প্রতিবন্ধী-৫/২০০২-৯০৩ তারিখ ঃ ১০-১২-২০০২

বিষয় ঃ **<u>এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম সংক্রান্ত নীতিমালা চূড়ান্তকরণ প্রসংগে।</u>**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, "এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম সংক্রান্ত" নীতিমালাটি অনুমোদন করা হয়েছে। অনুমোদিত নীতিমালার একটি কপি এতদসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ১ (এক) কপি নীতিমালার বই।

১০/১২/02

(উম্মুল হাছনা)
সিনিয়র সহকারী সচিব।

মহাপরিচালক,
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

মুখবন্ধ

মানব জীবনের নিরাপত্তা বর্তমান বিশ্বের সবচেয়ে উদ্বেগজনক সমস্যা। সামাজিক শৃঙ্খলা বিবর্জিত মানুষগুলো আজ প্রতিপক্ষকে জব্দ করা, ভীতি প্রদর্শনের মাধ্যমে মানসিকভাবে দুর্বল করা, শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত বা ঘায়েল করার জন্য এমন সব ঘৃণিত কার্যকলাপ বেছে নিয়েছে যা জনজীবনকে আতংকগ্রস্ত ও দুর্বিসহ করে তুলেছে।

এ সকল কার্যকলাপের মধ্যে গুপ্তহত্যা, মুক্তিপণ দাবী, ছিনতাই, ছুরিকাঘাত, গুলি করে হত্যা করা এবং ইদানিং কালের সবচেয়ে ঘৃণ্য, সহিংস ও বিভীষিকাময় সন্ত্রাসী কাজ হচ্ছে এসিড নিক্ষেপ। প্রেম প্রত্যাখান, যৌতুক আদায়, দাবী আদায়, স্বার্থ উদ্ধার, প্রতিহিংসা চরিতার্থ, সহিংস আচরণের বহিঃপ্রকাশ এবং অন্যান্য সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনায় এসিড নিক্ষেপ আজ জনজীবনকে এক অজানা ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে।

পত্র-পত্রিকার সংবাদে জানা যায় যে, বাংলাদেশে প্রতিদিন গড়ে প্রায় একজন লোক এসিড নিক্ষেপ এর শিকার হচ্ছে; মহিলারাই এসিড নিক্ষেপ থেকে বেশী ক্ষতিগ্রস্ত হচ্ছে। এসিড নিক্ষেপের ফলে ক্ষতিগ্রস্ত মহিলারা সুচিকিৎসার অভাবে হয় মৃত্যু বরণ করছে নয়তো পঙ্গু হয়ে সারা জীবনের জন্য অন্যের গলগ্রহ হয়ে জীবন অতিবাহিত করছে।

এসিড নিক্ষেপ এর ঘটনা আজ জীবনের নিরাপত্তার প্রশ্নে জাতীয় সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছে। এ সম্পর্কে গণসচেতনা সৃষ্টি এবং এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসনে গুরুত্ব আরোপ করে সরকার "এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম (Programme on Rehabilitation of Acid-burnt Women and the Physically Handicapped)" নামে একটি নূতন কার্যক্রম চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ কার্যক্রমটির বাস্তবায়ন চলতি অর্থ বৎসর (২০০২-২০০৩) হতে সমগ্র বাংলাদেশে শুরু হতে যাচ্ছে। কার্যক্রমটি বাস্তবায়নের জন্য চলতি অর্থ বৎসরের বাজেটে ১৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ কার্যক্রম থেকে প্রতি বৎসর ক্ষতিগ্রস্ত এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের আত্ম-কর্মসংস্থানের জন্য সুদমুক্ত ঋণ প্রদান করা হবে।

সরকারের রাজস্ব বাজেট তহবিল থেকে অনুমোদিত এ কার্যক্রমটি সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত হবে। আলোচ্য কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে এ নীতিমালাটি প্রণয়ন করা হয়েছে যা যথাযথভাবে অনুসরণ করা হলে কর্মসূচীটি সুষ্ঠুভাবে পরিচালিত হবে এবং কার্যক্রমের অভীষ্ট লক্ষ্য অর্জন করা সম্ভব।

এ নীতিমালা প্রণয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদফতরের যে সকল কর্মকর্তা ও কর্মচারী তাদের শ্রম ও মেধা দিয়ে নীতিমালাকে সর্বাঙ্গীন সুন্দর করার প্রচেষ্টা গ্রহণ করেছেন আমি তাঁদের জানাই আন্তরিক ধন্যবাদ।

(এ এম আব্দুল জব্বার)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ডিসেম্বর, ২০০২ সাল

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম।

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়		পৃষ্ঠা
১.	পটভূমি	..	১
২.	প্রয়োজনীয় বিষয়সমূহের ব্যাখ্যা	..	২
৩.	কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য	..	৩
৪.	কার্যক্রমের পরিধি ও বাস্তবায়ন অবকাঠামো	..	৩
৫.	কার্যক্রম বাস্তবায়ন কৌশল	..	৩
	৫.১ জাতীয় স্টিয়ারিং কমিটি	..	৪
	৫.২ জেলা স্টিয়ারিং কমিটি	..	৪
	৫.৩ উপজেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটি	..	৫
৬.	কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি ঃ	..	৫
	৬.১ প্রচার	..	৫
	৬.২ তথ্য সংগ্রহ	..	৬
	৬.৩ তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন প্রেরণ	..	৬
	৬.৪ কার্যক্রম পরিচিতিমূলক প্রশিক্ষণ	..	৬
	৬.৫ ক্ষতিগ্রস্ত ব্যক্তির নাম রেজিষ্টেশন	..	৭
	৬.৬ আর্থিক অবস্থা যাচাই ও চাহিদা নিরূপণ	..	৭
	৬.৭ এসিড দগ্ধ ব্যক্তিদের সহায়তা সেবা প্রদান	..	৭
	৬.৮ দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে ঋণ সহায়তা প্রদান	..	৭
	৬.৯ ঋণ, সঞ্চয় ও সার্ভিস চার্জ নির্ধারণ ও আদায়	..	৭
	৬.১০ ঋণ প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী	..	৮
	৬.১১ ঋণ মঞ্জুরীর নিয়মাবলী	..	৮
	৬.১২ ঋণ গ্রহীতার ওরিয়েন্টেশন ও চুক্তিপত্র সম্পাদন	..	৮
	৬.১৩ ঋণ বিতরণের নিয়মাবলী	..	৯
	৬.১৪ অর্থ সংরক্ষণ ও ব্যবহার	..	৯
৭.	পরিবীক্ষণ ও তত্ত্বাবধান	..	১০
৮.	কার্যক্রম বাস্তবায়নে ব্যবহারযোগ্য রেজিস্টারসমূহ ঃ	..	১০
	৮.১ নোটিশ ও রেজুলেশন বহি	..	১০
	৮.২ ক্যাশ বহি	..	১১
	৮.৩ নাম রেজিস্ট্রেশন ও তথ্যাবলী সংরক্ষণ	..	১১
	৮.৪ অন্যান্য রেজিস্টার	..	১১
৯.	নীতিমালা সংশোধনী ক্ষমতা সংরক্ষণ	..	১১
১০.	কার্যক্রমে ব্যবহারযোগ্য নমুনা ফরমসমূহ ঃ	..	১১-১৮
	১০.১ তথ্য সংগ্রহ ফরম (পরিশিষ্ট-ক)	..	১২
	১০.২ পরিবার জরিপ ফরম (পরিশিষ্ট-খ)	..	১৩-১৪
	১০.৩ স্কীম গ্রহণের আবেদন পত্র (পরিশিষ্ট-গ)	..	১৫
	১০.৪ স্কীমের বিবরণ (পরিশিষ্ট-ঘ)	..	১৭
	১০.৫ চুক্তিপত্র সম্পাদন ফরম (পরিশিষ্ট-ঙ)	..	১৮-১৯

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম।

১. পটভূমি ঃ

বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর মধ্যে বাংলাদেশ একটি স্বল্প আয়তন ও ঘনবসতিপূর্ণ দেশ। এ দেশের ভৌগলিক আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার এবং বর্তমান জনসংখ্যা ১২ কোটি ৯২ লক্ষ ৪৭ হাজার ২৩৩ জন (সেন্সাস-২০০১)। দেশের মোট জনসংখ্যার ৭৭% ভাগ লোক পল্লী এলাকায় বসবাস করে এবং কৃষি নির্ভরশীল। এ দেশের মানুষের মাথাপিছু গড় আয় ৩৮০ মার্কিন ডলার (২২,৮০০ টাকা)। মোট জনসংখ্যার প্রায় অর্ধেক দারিদ্র সীমায় বাস করে। খাদ্যাভাব, পুষ্টিহীনতা, পরিবেশ দূষণজনিত রোগ-ব্যাধি, আর্সেনিক বিষক্রিয়া, আইওডিনের অভাবজনিত রোগের প্রাদুর্ভাব, প্রতিনিয়ত যানবাহন দুর্ঘটনা, খরা-বন্যা-জলোচ্ছ্বাস-ঘূর্ণিঝড় ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ এ দেশের মানুষের নিত্য-নৈমিত্তিক দুর্ভোগের কারণ। এছাড়া সহিংস এসিড নিক্ষেপ, গোলাবারুদ ও অন্যান্য রাসায়নিক দাহ্য পদার্থ অসতর্ক ব্যবহার কিম্বা অপব্যবহারজনিত কারণে প্রতিনিয়ত অসংখ্য মানুষ দগ্ধ হয়ে সুচিকিৎসার অভাব কিম্বা অপচিকিৎসায় হয় মৃত্যুবরণ করছে না হয় পঙ্গুত্ব বরণ করে প্রতিবন্ধী হয়ে জীবন অতিবাহিত করছে। অধিকার বঞ্চিত ও সুযোগের অভাবে কর্মহীন, বেকার, পরনির্ভরশীল এ সকল এসিডদগ্ধ ব্যক্তিরা পরিবারের গলগ্রহ হয়ে- ক্ষুধা, অবহেলা ও অযত্নে মানবেতর জীবনযাপন করছে। এ ধরণের অসহায় লোকগুলো একদিকে বেকারত্বের গ্লানি নিয়ে পরিবারে আত্মমর্যাদাহীন জীবনযাপন করছে অন্যদিকে অনুৎপাদনশীল জনসংখ্যা বৃদ্ধি করে দেশের উন্নয়নের অগ্রগতিকে ব্যাহত করছে।

বিভিন্ন পত্রিকার খবরে জানা যায় যে, এসিড এখন প্রতিহিংসা চরিতার্থ করার এক মারাত্মক অস্ত্র। শহরের কুখ্যাত সন্ত্রাসী থেকে শুরু করে গ্রামীণ জনপদের দুষ্ট লোকেরা সহজলভ্য এ রাসায়নিক তরলকে ব্যবহার করছে প্রতিপক্ষকে ঘায়েল করা, অন্যায় দাবী আদায়ের হাতিয়ার হিসেবে। স্বামীর যৌতুক দিতে অপারগতা কিংবা প্রেমের প্রস্তাব প্রত্যাখান করা নারী থেকে শুরু করে স্কুল-কলেজের ছাত্রী, গৃহবধু, শিশু, বৃদ্ধা এমনকি যুবকেরাও এসিড নিক্ষেপের শিকার হচ্ছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক পরিসংখ্যান মতে কোন দেশের মোট জনসংখ্যার প্রায় ১০% ভাগ প্রতিবন্ধী। এ হিসেব মতে বাংলাদেশে মোট প্রতিবন্ধী লোকের সংখ্যা দাঁড়ায় প্রায় ১৩০.০০ লাখ। একই সূত্রে পাওয়া তথ্য অনুসারে সহিংস এসিড নিক্ষেপ, অগ্নিকান্ড, গোলাবারুদ, বিভিন্ন রাসায়নিক দ্রব্য ও অন্যান্য দাহ্য পদার্থ অসতর্ক ব্যবহার কিম্বা অপব্যবহার, পুষ্টিহীনতা, প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা ইত্যাদি কারণে ক্ষতিগ্রস্ত প্রতিবন্ধী লোকের সংখ্যা মোট প্রতিবন্ধী জনসংখ্যার ৭০% ভাগ। এ হিসেব অনুযায়ী সমগ্র দেশে এরূপ প্রতিবন্ধী লোকের সংখ্যা দাঁড়াবে প্রায় ৯১ লাখ।

প্রতিবন্ধিতা কোন অভিশাপ বা কোন দুরারোগ্য ব্যাধি নয়। প্রতিবন্ধী হওয়ার কারণ যা-ই হউক না কেন প্রতিবন্ধী ব্যক্তিকে যথাসময়ে সঠিক চিকিৎসা ও নিয়মিত পরিচর্যার ব্যবস্থা করা গেলে অধিকাংশ প্রতিবন্ধী ব্যক্তি স্বাভাবিক জীবন ফিরে পেতে পারে। প্রতিবন্ধী ব্যক্তির চিকিৎসা, প্রশিক্ষণ ও পুনর্বাসনের বিষয়টি একদিকে যেমন স্পর্শকাতর ও মানবিক অন্যদিকে তেমনি সামাজিক ও রাষ্ট্রীয় দায়িত্ব বটে। প্রতিবন্ধী হওয়ার বিষয়টি নিজের ইচ্ছাকৃত বা কোন কর্মফল নয় বরং জন্মগত বা কোন না কোন দুর্ঘটনার ফল। তাই এরূপ দুর্ঘটনা প্রত্যেকের জীবনেই সংঘটিত হওয়া অস্বাভাবিক নয়।

প্রতিবন্ধী হওয়ার জন্য এসিড নিক্ষেপ বা অন্যান্য দুর্ঘটনাজনিত কারণগুলো কোন পরিকল্পিত সহিংস ঘটনা বা দুর্ঘটনা যা-ই হোক না কেন এ সমস্যা সম্পূর্ণ নির্মূল করা সম্ভব না হলেও সচেতনতা জ্ঞান ও সতর্কতা অবলম্বনের দ্বারা এহেন দুর্ঘটনার সংখ্যা অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। যথাসময়ে ব্যবস্থা নেয়া গেলে যে কোন এসিডদগ্ধ বা শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিকে চিকিৎসার দ্বারা সুস্থ করে তোলা যায়। প্রশিক্ষণের দ্বারা প্রতিবন্ধীদের কর্মদক্ষতা বৃদ্ধি করে উপার্জনক্ষম ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ-সুবিধা সৃষ্টি করে দিয়ে স্বাভাবিক জীবনে প্রত্যাবর্তন, আত্ম-নির্ভরশীল, স্বাবলম্বী এবং সামাজিকভাবে পুনর্বাসনে সহায়তা করা সম্ভব।

২. **প্রয়োজনীয় বিষয়সমূহের ব্যাখ্যা ঃ**

এ কার্যক্রমে এসিডদগ্ধ মহিলা বলতে—

➢ প্রতিহিংসাপরায়ণ, ব্যক্তিগত আক্রোশ চরিতার্থ, কোন দাবী আদায় বা স্বার্থসিদ্ধির লক্ষ্যে কোন মহিলার শরীরে এসিড বা অন্য কোন প্রকার দাহ্য পদার্থ নিক্ষেপ অথবা এসিড বা অন্য কোন প্রকার দাহ্য পদার্থ অসতর্ক ব্যবহার ও অপব্যবহার ইত্যাদি কারণে শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত হলে তাকেই বুঝাবে।

এ কার্যক্রমে শারীরিক প্রতিবন্ধী বলতে—

➢ জন্মগতভাবে, অপুষ্টিজনিত কারণে, রোগ-ব্যাধি, ভুল চিকিৎসা, আত্মঘাতি কার্যকলাপ, অগ্নিসংযোগ, ককটেল, বোমা, গোলাবারুদ ইত্যাদি সন্ত্রাসী আক্রমণ বা যেকোন দুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি কারণে শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত অর্থাৎ

(১) কোন ব্যক্তির হাত না থাকলে, হাতের কোন অংশ না থাকলে, হাত পূর্ণ বা আংশিক অবশ থাকলে, হাত দুর্বল বা শক্তিহীন থাকলে ;

(২) কোন ব্যক্তির দুই পা না থাকলে, এক পা না থাকলে, পায়ের কোন অংশ না থাকলে, তা পূর্ণ বা আংশিক অবশ থাকলে, পা শক্তিহীন থাকলে ;

(৩) কোন ব্যক্তির শারীরিক গঠন বিকৃত থাকলে ;

(৪) কোন ব্যক্তির মস্তিষ্ক সংক্রান্ত অবস্থার প্রেক্ষিতে শারীরিক স্বাভাবিক ভারসাম্যতা ও নিয়ন্ত্রণ ক্ষমতা স্থায়ীভাবে ক্ষতিগ্রস্ত হলে ;

(৫) কোন ব্যক্তির দর্শন ও শ্রবণ ইন্দ্রিয় বিনষ্ট হয়ে বাধাগ্রস্ত হলে; তাকেই বুঝাবে।

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন সহায়তা বলতে—

➢ উপরোক্ত কারণে এসিডদগ্ধ মহিলা বা শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থানের জন্য সুযোগ-সবিধা সৃষ্টি এবং তার দক্ষতা ও অভিজ্ঞতা ভিত্তিক উপার্জনমুখী কাজে পুঁজি সরবরাহের জন্য সহজ শর্তে সুদমুক্ত ঋণ (Micro-credit) প্রদান বুঝাবে।

৫.১ জাতীয় ষ্টিয়ারিং কমিটি :

(১)	সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	সভাপতি
(২)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(৩)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(৪)	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(৫)	অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(৬)	প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(৭)	স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(৮)	তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(৯)	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(১০)	পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়)	সদস্য
(১১)	ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	সদস্য
(১২)	এন, এফ, ও, ডব্লিউ, ডি এর প্রতিনিধি	সদস্য
(১৩)	মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর	সদস্য-সচিব

ষ্টিয়ারিং কমিটির কর্মপরিধি :

কার্যক্রমের নীতি নির্ধারণ, উচ্চ পর্যায়ে সমন্বয় সাধন, প্রয়োজনীয় অভিজ্ঞ পরামর্শ ও নির্দেশনা দান, কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন। এ কমিটি বছরে ন্যূনপক্ষে তিনটি সভায় মিলিত হবেন।

৫.২ জেলা ষ্টিয়ারিং কমিটি :

(১)	জেলা প্রশাসক	সভাপতি
(২)	সিভিল সার্জন	সদস্য
(৩)	পুলিশ সুপার	সদস্য
(৪)	স্থানীয় পৌরসভার প্রতিনিধি	সদস্য
(৫)	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
(৬)	জেলা তথ্য অফিসার	সদস্য
(৭)	জেলা আনসার ও ভিডিপি অফিসার	সদস্য
(৮)	সমাজ কর্মী - দুইজন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত, একজন প্রতিবন্ধী সংস্থার প্রতিনিধি হতে হবে)	সদস্য
(৯)	উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর	সদস্য-সচিব

জেলা স্টিয়ারিং কমিটির কর্মপরিধি ঃ

মাঠ পর্যায়ে পরিচালিত কার্যক্রম সার্বিকভাবে তত্ত্বাবধানের দায়িত্ব এ কমিটির। উপজেলা এবং শহরাঞ্চলের বিভিন্ন পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত সমস্যাদির সুষ্ঠু সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং দিকনির্দেশনা প্রদান। প্রয়োজনে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট সুপারিশ প্রেরণ। জাতীয় স্টিয়ারিং কমিটিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ। এ কমিটি প্রতি তিন মাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবেন।

৫.৩ উপজেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটি ঃ

(১)	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
(২)	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার	সদস্য
(৩)	ব্যাংক ম্যানেজার (যে ব্যাংকে কার্যক্রমের হিসাব সংরক্ষণ করা হবে)	সদস্য
(৪)	ভারপ্রাপ্ত কর্মকর্তা, পুলিশ স্টেশন	সদস্য
(৫)	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
(৬)	চেয়ারম্যান, পৌরসভা/সদর ইউনিয়ন পরিষদ	সদস্য
(৭)	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা	সদস্য
(৮)	মুক্তিযোদ্ধা কমান্ডার, উপজেলা কমান্ড	সদস্য
(৯)	স্থানীয় সমাজকর্মী-২ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত, ১ জন প্রতিবন্ধী সংস্থার প্রতিনিধি হতে হবে।	সদস্য
(১০)	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	সদস্য-সচিব

কার্যক্রম বাস্তবায়ন কমিটির কর্মপরিধি ঃ

কার্যক্রম বাস্তবায়ন কমিটি উপজেলা ও নগর-মহানগর এলাকার সকল কর্মকর্তা/কর্মচারী, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার/ওয়ার্ড কমিশনার, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও সদস্যবর্গ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, মহিলা সংস্থা/মহিলা সমিতির কর্মকর্তা ও সদস্য/সদস্যাবর্গ, ধর্মীয় নেতা ও ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও সদস্যবর্গ, মুক্তিযোদ্ধা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে আলোচনা সভার আয়োজন করে কর্মসূচী, সুযোগ-সুবিধা ও সাহায্য-সহযোগিতার বিষয় জনগণকে অবহিত করবেন। কার্যক্রম বাস্তবায়ন কমিটি দুঃস্থ ও অসহায় এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসনের লক্ষ্যে ঋণ মঞ্জুর ও কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করবেন।

৬. কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি ঃ

৬.১ প্রচার ঃ

কার্যক্রমের উদ্দেশ্য ও কর্মসূচী সম্পর্কে জনগণকে অবহিত করা, এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধী ব্যক্তিদের নাম তালিকাভুক্ত করণ ও কার্যক্রমাধীন সাহায্য-সহযোগিতা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার সাথে যোগাযোগ করার বিষয়ে ব্যাপক প্রচারের জন্য জাতীয় মাধ্যম যেমন রেডিও, টেলিভিশন, পত্র-পত্রিকা, অফিসিয়াল সার্কুলার এবং স্থানীয়ভাবে সভা/সমিতি, ঢোল-সহরত, মাইকিং, পথসভা, র‍্যালী-শোভাযাত্রা ইত্যাদি প্রচার মাধ্যম ও কলাকৌশল অবলম্বন করে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা।

৬.২ তথ্য সংগ্রহ ঃ

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের সংখ্যা নিরূপণের উদ্দেশ্যে প্রতি উপজেলায় ও মহানগর এলাকায় জরিপের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ পরিচালনা করা হবে। উপজেলা সমাজসেবা ও শহর সমাজসেবা কার্যক্রম অফিসের বিদ্যমান জনবল, প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং স্থানীয় স্বেচ্ছাসেবক দ্বারা এ তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করা হবে। তথ্য সংগ্রহকারীগণ স্থানীয়ভাবে ইউনিয়ন পরিষদ সদস্য/ওয়ার্ড কমিশনার, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, মসজিদ কমিটি, বাজার কমিটি, শিক্ষক/ছাত্র এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎ করে কোন বাড়িতে কোন দগ্ধব্যক্তি বা শারীরিক প্রতিবন্ধী আছে কিনা তা তথ্য সংগ্রহকারী নিশ্চিত হয়ে **'তথ্য সংগ্রহ ফরম'** ও **'পরিবার জরিপ ফরম'** পূরণের মাধ্যমে ক্ষতিগ্রস্ত ব্যক্তির তথ্য লিপিবদ্ধ করবেন।

৬.৩ তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন প্রেরণ ঃ

তথ্য সংগ্রহ কাজ শেষ হলে পূরণকৃত ফরমগুলো ক্লিপ ফাইলে সযত্নে সংরক্ষণ করতে হবে। তথ্য সংগ্রহের জন্য ব্যবহৃত ফরমগুলো থেকে প্রয়োজনীয় তথ্য নিয়ে নিম্নবর্ণিত ছক অনুযায়ী একটি রেজিষ্টারে তথ্য বিন্যাস করে সংরক্ষণ করতে হবে। তথ্য সংগ্রহ শেষে পূরণকৃত ফরম/রেজিষ্টার থেকে প্রয়োজনীয় তথ্য নিয়ে নির্ধারিত ছক অনুযায়ী প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং উহার অনুলিপি যথাসময়ে যথাস্থানে প্রেরণ করতে হবে।

"ছক"

ক্রমিক নং	নাম	পুরুষ/মহিলা	পিতা/স্বামীর নাম	বয়স	শিক্ষাগত যোগ্যতা	পেশা
১	২	৩	৪	৫	৬	৭

ঠিকানা	ক্ষতিগ্রস্ত হওয়ার তারিখ	কিসে ক্ষতিগ্রস্ত হয়েছে ?	ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ	শারীরিক ক্ষয়ক্ষতির বিবরণ	আর্থিক ক্ষয়ক্ষতির বিবরণ	চিকিৎসার প্রয়োজন আছে কি-না
৮	৯	১০	১১	১২	১৩	১৪

পরিবারের উপার্জনশীল ব্যক্তি কি-না	অন্যের উপর নির্ভরশীল কি-না	কোনকাজে দক্ষতা আছে কি-না	প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী কি-না	উপার্জনশীল কাজে অংশগ্রহণে আগ্রহী কি-না	আর্থিক সহায়তার প্রয়োজন আছে কি-না	মন্তব্য
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১

৬.৪. কার্যক্রম পরিচিতিমূলক প্রশিক্ষণ ঃ

জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক, সহকারী পরিচালক, শহর সমাজসেবা অফিসার এবং উপজেলা সমাজসেবা অফিসার সরাসরি এ কার্যক্রম বাস্তবায়নের সাথে সম্পৃক্ত থাকবেন বিধায় কার্যক্রমাধীন বিভিন্ন কর্মসূচী সম্পর্কে ধারণা, পরিচিতি ও কার্যক্রম বাস্তবায়নের নিয়ম-কানুন সম্পর্কে প্রশিক্ষণ ও নির্দেশনা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ/কর্মশালা করার ব্যবস্থা রাখা হয়েছে। এ সকল প্রশিক্ষণ/কর্মশালায় অভিজ্ঞ পরামর্শক, দক্ষ সহায়তাকারী ও রিসোর্স পারসনদের আমন্ত্রণ জানানো হবে।

৬.৫. ক্ষতিগ্রস্ত ব্যক্তির নাম রেজিস্ট্রেশন :

এ কার্যক্রমের সাহায্য-সহযোগিতা পাওয়ার জন্য শহর সমাজসেবা অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধীব্যক্তির নাম রেজিস্ট্রেশন করাতে হবে। পরিবারের আর্থিক অবস্থা যাচাইয়ের জন্য পরিবার জরিপ ফরম অনুযায়ী সঠিক তথ্য লিপিবদ্ধ করাতে হবে।

৬.৬. এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থিক অবস্থা যাচাই ও চাহিদা নিরূপণ :

সমাজসেবা অফিসারগণ তথ্য সংগ্রহ ফরম পূরণের মাধ্যমে এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধীব্যক্তির পারিবারিক আর্থিক অবস্থা যাচাই করবেন এবং তাদের সাথে পরামর্শ করে তার চাহিদা ও যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় সাহায্য-সহযোগিতা নিশ্চিত করবেন। এ প্রক্রিয়ায় তথ্যাদি সংগ্রহের পাশাপাশি এসিডদগ্ধ ব্যক্তির চিকিৎসা প্রক্রিয়া যাতে বিলম্বিত না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে।

৬.৭. এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের সহায়তা সেবা প্রদান :

এ কার্যক্রম বাস্তবায়নে সমাজসেবা অফিসারগণ এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধীব্যক্তিদের পরিবারের সাথে যোগাযোগ রক্ষা করে ভিকটিমের চিকিৎসা বিষয়ে পরামর্শ, রোগীকে সাহস যোগান ও সুস্থ হওয়ার আশ্বাস দিয়ে মানসিক ভারসাম্য রক্ষা ও দুশ্চিন্তা মুক্ত রাখার ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। সমাজসেবা অফিসার ও সমাজকর্মীগণ এসিডদগ্ধ ব্যক্তিকে জরুরী ভিত্তিতে স্থানীয় কোন হাসপাতালে ভর্তি ও চিকিৎসা বিষয়ে পরামর্শ প্রদান করবেন।

৬.৮. দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে ঋণ সহায়তা প্রদান :

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের দারিদ্র বিমোচনে আয়বর্দ্ধক কর্মসূচী গ্রহণে আর্থিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে সুদমুক্ত ঋণ কর্মসূচী বাস্তবায়ন একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। ঋণ কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ফরমসমূহের নমুনা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালার শেষাংশে পরিশিষ্টে সংযোজন করা হয়েছে। ঋণ কার্যক্রম বাস্তবায়নের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

৬.৯. ঋণ, সঞ্চয় ও সার্ভিস চার্জ নির্ধারণ ও আদায় :

এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধী ব্যক্তি বা তার পরিবারের কোন ব্যক্তি এ কার্যক্রমের ঋণ সহায়তা তহবিল থেকে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হতে সর্বোচ্চ ১৫,০০০/- (পনের হাজার) টাকা পর্যন্ত সুদ মুক্ত ঋণ পেতে পারেন। এ কার্যক্রমের ঋণ গ্রহীতা প্রথমবার ঋণের সাকুল্য অর্থ পরিশোধের পর প্রয়োজনে একাধিক বার ঋণের আবেদন করতে পারবেন।

এ ঋণের টাকার উপর ৫% সার্ভিসচার্জ ধার্য করে মেয়াদকালীন সময়ের মধ্যে সমান ১০ (দশ) কিস্তিতে (কিস্তি ও সার্ভিসচার্জ) পরিশোধের শর্তে ঋণের চুক্তি সম্পাদন করতে হবে। স্কীমের প্রকৃতি অনুসারে এক হতে সর্বোচ্চ দুই বছর মেয়াদে ঋণ প্রদান করা যাবে এবং ঋণের টাকা প্রদানের ৬ (ছয়) মাস পর হতে কিস্তি পরিশোধ শুরু হবে। সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মী (ইউনিয়ন সমাজ কর্মী/পৌর সমাজকর্মী) অফিসের ছাপানো পাকা রসিদ প্রদান করে কিস্তি এবং সার্ভিস চার্জের টাকা এক সাথে আদায় করবেন। আদায়কারীকে টাকা আদায় ও জমার হিসাব রি-পেমেন্ট রেজিস্টার ও ক্যাশ বহিতে লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে।

৬.১০ ঋণ প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী ঃ

যে পরিবারের সদস্যদের মাথাপিছু বার্ষিক গড় আয় ২০,০০০/- (কুড়ি হাজার) টাকার ঊর্ধ্বে নয় এরূপ পরিবারের এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধী ব্যক্তিরাই এ প্রকল্পের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী হিসেবে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঋণের আবেদন করতে পারবেন।

(ক) ঋণের আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলা/পৌর এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) লক্ষ্যভুক্ত জনগোষ্ঠির অন্তর্ভুক্ত হতে হবে।

(গ) তার নাম অগ্রাধিকার তালিকাভুক্ত হতে হবে।

(ঘ) স্কীমসহ ঋণের জন্য আবেদন করতে হবে।

(ঙ) কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুর হতে হবে।

(চ) ঋণ গ্রহণ ও পরিশোধের শর্তাবলী সম্বলিত চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

(ছ) ঋণ প্রাপ্তির ক্ষেত্রে দরিদ্রতম ব্যক্তিগণ অগ্রাধিকার পাবেন।

৬.১১. ঋণ মঞ্জুরীর নিয়মাবলী ঃ

এ কার্যক্রমের ঋণ গ্রহণে ইচ্ছুক এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধী ব্যক্তিরা ঋণের জন্য নির্ধারিত আবেদনপত্রে স্কীমের বিস্তারিত বিবরণসহ উপজেলা/শহর সমাজসেবা অফিসার বরাবরে ঋণের আবেদন করবেন। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার তাঁর অধীনস্থ মাঠকর্মীর মাধ্যমে প্রার্থীর যোগ্যতা যাচাই করবেন। আবেদনকারী ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হলে দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মী তার আবেদনপত্রে সুপারিশ করে কার্যক্রম বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের জন্য প্রেরণ করবেন। কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরী প্রদানের ১৫ (পনের) দিনের বেশী সময় ক্ষেপন করা যাবেনা। বিশেষ কোন কারণ ব্যতীত এর অতিরিক্ত কোন সময় ব্যয় করা হলে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা ও মাঠকর্মী এজন্য দায়ী থাকবেন।

৬.১২. ঋণ গ্রহীতার ওরিয়েন্টেশন ও চুক্তিপত্র সম্পাদন ঃ

কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুর হওয়ার পর সমাজসেবা অফিসার তার মাঠকর্মীদের মাধ্যমে ঋণ গ্রহীতার কার্যক্রম পরিচিতি ও ওরিয়েন্টেশনের ব্যবস্থা করবেন। ওরিয়েন্টেশন শেষে চুক্তিপত্র পূরণ ও ঋণ বিতরণের প্রস্তুতি গ্রহণ করবেন। এ ওরিয়েন্টেশনে নিম্নবর্ণিত বিষয়গুলো আলোচনা করা হবে ঃ

- আর্থ-সামাজিক স্কীমের গুরুত্ব ;
- স্কীমের অর্থ ব্যবহারের নিয়মাবলী ;
- স্কীম বাস্তবায়ন পদ্ধতি ও কলাকৌশল ;
- আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণের নিয়মাবলী ;
- লাভ-ক্ষতি মূল্যায়ণের নিয়মাবলী ;
- কিস্তি পরিশোধের নিয়মাবলী ;

- ➢ সঞ্চয় জমা দেয়ার নিয়মাবলী ;
- ➢ সার্ভিস চার্জের অর্থ প্রাপ্তির নিয়মাবলী ;
- ➢ ব্যাংক লেন-দেন নিয়মাবলী ;
- ➢ ভবিষ্যত পরিকল্পনা এবং
- ➢ এ ছাড়াও নিয়মিত সঞ্চয় জমা করা ; ছোট পরিবার গঠন ; মা ও শিশুদের রোগ প্রতিরোধ টীকা গ্রহণ ; ছেলেমেয়েদের স্কুলে প্রেরণ ; বয়স্ক ব্যক্তিদের স্বাক্ষরতা অর্জন ; আর্সেনিক মুক্ত বিশুদ্ধ পানি পান ও ব্যবহারকরণ ; জলাবদ্ধ পায়খানা ব্যবহার ; বাড়িঘর ও পারিপার্শ্বিক পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ; মহিলাদের ক্ষমতায়ন; নিয়মিত সব্জীর বাগান করা এবং বাড়ির আশেপাশে বৃক্ষরোপণ করার বিষয়ে ঋণগ্রহীতাকে অবহিত করা ;

৬.১৩. ঋণ বিতরণের নিয়মাবলী ঃ

সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ঋণ বিতরণের স্থান, তারিখ ও সময় উল্লেখ করে পত্র দ্বারা ঋণ গ্রহীতা ও কার্যক্রম বাস্তবায়ন কমিটির সকলকে ঋণ বিতরণের বিষয় অবগত করবেন —

- ➢ পূর্ব থেকেই ঋণ বিতরণ রেজিষ্টার ও অন্যান্য লিপিবদ্ধকরণ কাজ সম্পন্ন করে রাখতে হবে ;
- ➢ ব্যাংক থেকে টাকা উত্তোলন করে ঋণগ্রহীতার নাম ও টাকার হিসাব খামে লিখে রাখা।
- ➢ যদি চেকের মাধ্যমে ঋণের অর্থ প্রদান করা হয় তবে তার রেকর্ড-পত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ➢ ঋণ গ্রহীতার হাতে নগদ টাকা দিয়ে টাকা সঠিক আছে কি-না তা দেখে নিতে বলতে হবে।
- ➢ বিতরণ শেষে নিরাপদে টাকা নিয়ে বাড়ী যাওয়ার বিষয়ে সতর্ক করে দিতে হবে। ঋণের টাকা নির্ধারিত স্কীমে সঠিকভাবে ব্যবহার, হিসাব সংরক্ষণ এবং যথাসময়ে কিস্তি পরিশোধের পরামর্শ দিতে হবে।

৬.১৪. অর্থ সংরক্ষণ ও ব্যবহার ঃ

(ক) মূলধনের অর্থ ব্যবস্থাপনা ঃ

সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহীত এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ প্রতি উপজেলা/মহানগর এলাকায় **"এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন তহবিল"** নামে যেন কোন তফসিলভুক্ত ব্যাংকে একটি চলতি হিসাব খুলে জমা রাখতে হবে। উক্ত হিসাবটি উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের যৌথ স্বাক্ষরে এবং মহানগর এলাকার ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক এবং সংশ্লিষ্ট শহর সমাজসেবা অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এ ঋণ তহবিলের অর্থ এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে আয়বর্ধকমূলক কাজে পুঁজি হিসেবে ব্যবহারের জন্য ফেরত যোগ্য ঋণ হিসেবে প্রদান করা হবে। এ তহবিল থেকে ইতিপূর্বে উল্লেখিত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে, বর্তমানে ক্ষতিগ্রস্ত অবস্থায় আছে এবং ভবিষ্যতে কেহ ক্ষতিগ্রস্ত অবস্থায় পতিত হলে ঋণ প্রাপ্তির যোগ্যতা সাপেক্ষে ঋণ প্রদান করা যাবে।

(খ) ঋণ আদায় অর্থ ব্যবস্থাপনা :

ঋণ আদায়ের মূলধন জমা রাখার জন্য **"এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের ঋণ আদায় তহবিল"** নামে যে কোন তফসিলি ব্যাংকে অন্য একটি সঞ্চয়ী হিসাব খুলে আদায়কৃত মূলধন জমা রাখতে হবে। উপজেলার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার ও শিশু সুপারভাইজার এবং মহানগরীর ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক এবং সংশ্লিষ্ট শহর সমাজসেবা অফিসার এর যৌথ স্বাক্ষরে এ হিসাবটি পরিচালিত হবে। পুনঃবিনিয়োগের প্রয়োজনে এ হিসাব থেকে টাকা পুনরায় উত্তোলনপূর্বক একই পদ্ধতিতে বিনিয়োগ করতে হবে।

(গ) সার্ভিস চার্জের অর্থ ব্যবস্থাপনা :

সার্ভিস চার্জ আদায়কৃত অর্থ **"এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের সার্ভিস চার্জ তহবিল"** নামে যে কোন তফসিলভুক্ত ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলে জমা রাখতে হবে। উক্ত হিসাবটি উপজেলার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার ও শিশু সুপারভাইজার এবং মহানগরীর ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক এবং সংশ্লিষ্ট শহর সমাজসেবা অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। সার্ভিস চার্জের টাকা ব্যাংক সুদসহ ৫০% অংশ মূলধন তহবিলে জমা করা হবে এবং অবশিষ্ট ৫০% অংশ উপকারভোগীদের কল্যাণ, শ্রেষ্ঠ মাঠকর্মীকে পুরস্কার প্রদান, কার্যক্রমের প্রয়োজনে যন্ত্রপাতি ও যানবাহন ক্রয় এবং সমাজকল্যাণমূলক কাজে ব্যয় করা যাবে। এ ক্ষেত্রে অধিদফতরের সদর কার্যালয় থেকে অনুমোদন গ্রহণ করতে হবে। তবে অধিদফতরের মহাপরিচালক প্রয়োজনবোধে আর্থিক অনুমোদনের ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে পারবেন।

(ঘ) সঞ্চয় জমার অর্থ ব্যবস্থাপনা :

ঋণ গ্রহীতার নামে স্থানীয় ব্যাংকে একটি **"সঞ্চয়ী হিসাব"** খুলে প্রতি মাসে ন্যূনতম ২৫/- টাকা হারে সঞ্চয় জমার অভ্যাস গড়ে তুলতে হবে। সঞ্চয়ের টাকা সঞ্চয়কারীকে নিজস্ব উদ্যোগে একাউন্টে জমা করতে হবে। ঋণ আদায়কারী সঞ্চয় জমার হিসাবটি মনিটর করবেন।

৭. পরিবীক্ষণ ও তত্ত্বাবধান :

সমাজসেবা অধিদফতরের কার্যক্রম অধিশাখার পরিচালক এর নিয়ন্ত্রণে একটি পরিবীক্ষণ সেল এ কার্যক্রমের মাসিক অগ্রগতির রিপোর্ট বিভাগ, জেলা, উপজেলা ও সংশ্লিষ্ট ইউনিট হতে সংগ্রহপূর্বক একত্রিভূত করে প্রতিবেদন সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করবে।

জেলার দায়িত্বে নিয়োজিত উপ-পরিচালক, সহকারী পরিচালকগণ তাদের নিয়মিত কার্যক্রম পরিদর্শন সময়ে এ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি ও সমস্যাদি সংশ্লিষ্ট কার্যালয়গুলো থেকে অবগত হবেন এবং কার্যক্রম বাস্তবায়নে যে কোন সমস্যা দেখা দিলে প্রয়োজনে জেলা ও উপজেলা প্রশাসনকে এ ব্যাপারে সম্পৃক্ত করে স্থানীয়ভাবে সমস্যা সমাধানের তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের প্রচেষ্টা নেবেন।

৮. কার্যক্রম বাস্তবায়নে ব্যবহারযোগ্য রেজিস্টারসমূহ :

৮.১ নোটিশ ও রেজুলেশন বহি :

এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কমিটির সভা আহ্বান ও সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ লিপিবদ্ধ করার জন্য বাইন্ডিং রেজিস্টারে নোটিশ ও রেজুলেশন বহি সংরক্ষণ করতে হবে।

৮.২ ক্যাশ বহি :

কার্যক্রম বাস্তবায়নের সকল পর্যায়ে একাউন্টসমূহের লেন-দেন হিসাব সংরক্ষণের জন্য ক্যাশবহি লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।

৮.৩ নাম রেজিষ্ট্রেশন ও তথ্যাবলী সংরক্ষণ :

এ কার্যক্রমের তালিকাভুক্ত জনগোষ্ঠির যাবতীয় তথ্য এবং কার্যক্রম থেকে যে কোন প্রকার আর্থিক সহায়তা লাভের জন্য আবেদনকারীকে তথ্য সংগ্রহ ফরম পূরণের মাধ্যমে নাম রেজিষ্ট্রেশন করাতে হবে। পূরণকৃত ফরম অনুযায়ী আবেদনকারীর যাবতীয় তথ্য একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করে সংরক্ষণ করা হবে।

৮.৪ অন্যান্য রেজিষ্টার :

এ কার্যক্রমের অর্থ ব্যয়ে ক্রয় করা যাবতীয় মালামাল বিতরণ, প্রশিক্ষণ ভাতা ও ঋণ বিতরণের জন্য পৃথক পৃথক রেজিষ্টার লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে।

৯. নীতিমালা সংশোধনী ক্ষমতা সংরক্ষণ

সময় ও দেশের প্রয়োজনে সরকার এ নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন এবং সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. কার্যক্রমে ব্যবহারযোগ্য নমুনা ফরমসমূহ :

১০.১ তথ্য সংগ্রহ ফরম (পরিশিষ্ট-ক)

১০.২ পরিবার জরিপ ফরম (পরিশিষ্ট-খ)

১০.৩ স্কীম গ্রহণের আবেদন পত্র (পরিশিষ্ট-গ)

১০.৪ স্কীমের বিবরণ (পরিশিষ্ট-ঘ)

১০.৫ চুক্তিপত্র সম্পাদন ফরম (পরিশিষ্ট-ঙ)

পরিশিষ্ট-'ঙ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদফতর

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম

তথ্য সংগ্রহ ফরম

উপজেলা/থানা :.............................. জেলা :..........................

১. শারীরিক ক্ষতিগ্রস্থ ব্যক্তির নাম :

২. পিতা/স্বামীর নাম :

৩. বয়স :

৪. শিক্ষাগত যোগ্যতা :

৫. পেশা :

৬. ঠিকানা : বাড়ী নম্বর: মহল্লা/গ্রাম:

উপজেলা/থানা: জেলা:

৭. শারীরিক ক্ষতিগ্রস্ত হওয়ার তারিখ: তারিখ [ ] মাস [ ] বৎসর [ ]

৮. ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ: জন্মগত [ ] এসিডদগ্ধ [ ] অগ্নিদগ্ধ [ ] অন্যান্য দুর্ঘটনা [ ]

৯. ক্ষতিগ্রস্ত ব্যক্তি শারীরিক প্রতিবন্ধী কি-না: হ্যাঁ [ ] না [ ]

১০. ক্ষতিগ্রস্ত ব্যক্তির শারীরিক ক্ষয়ক্ষতির বিবরণ লিখুন:

(ক) হাত	:	হাত নেই | ১হাত | ২হাত	হাত অবশ | ১হাত | ২হাত	হাতদুর্বল | ১হাত | ২হাত
(খ) পা	:	পা নেই | ১পা | ২পা	পা অবশ | ১পা | ২পা	পা দুর্বল | ১পা | ২পা
(গ) শারীরিক গঠনসংক্রান্ত	:	বিকৃত গঠন	বেঁটে/বামন	হিজড়া/নপুংসক
(ঘ) মস্তিষ্ক সংক্রান্ত	:	বুদ্ধি প্রতিবন্ধী	বিকৃত মস্তিষ্ক	মস্তিষ্কের ভারসাম্যহীনতা
(ঙ) দৃষ্টি সংক্রান্ত	:	দৃষ্টি প্রতিবন্ধী	১ চোখ কানা	রোগাক্রান্ত চক্ষু
(চ) বাক-শ্রবণ সংক্রান্ত	:	বাক প্রতিবন্ধী	শ্রবণ প্রতিবন্ধী	বাক ও শ্রবণ প্রতিবন্ধী

১১. ক্ষতিগ্রস্ত ব্যক্তির কোন চিকিৎসা করা হয়েছে কি-না : হ্যাঁ [ ] না [ ]

১২. ক্ষতিগ্রস্ত ব্যক্তির কোন চিকিৎসার প্রয়োজন আছে কি-না : হ্যাঁ [ ] না [ ]

১৩. ক্ষতিগ্রস্ত ব্যক্তির পরিবারের উপর উপার্জনশীল ব্যক্তি কি-না : হ্যাঁ [ ] না [ ]

১৪. ক্ষতিগ্রস্ত ব্যক্তির উপর পরিবার নির্ভরশীল কি-না : হ্যাঁ [ ] না [ ]

১৫. ক্ষতিগ্রস্ত ব্যক্তির বৃত্তিমূলক কোন কাজে দক্ষতা আছে কি-না : হ্যাঁ [ ] না [ ]

১৬. ক্ষতিগ্রস্ত ব্যক্তি বৃত্তিমূলক কোন কাজে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী কি-না : হ্যাঁ [ ] না [ ]

১৭. ক্ষতিগ্রস্ত ব্যক্তি আয়বর্দ্ধক কোন কাজ করতে আগ্রহী কি-না : হ্যাঁ [ ] না [ ]

১৮. ক্ষতিগ্রস্ত ব্যক্তির আয়বর্দ্ধক কাজে আর্থিক সহায়তার প্রয়োজন আছে কি-না : হ্যাঁ [ ] না [ ]

১৯. ক্ষতিগ্রস্ত ব্যক্তির পরিবারের শ্রেণী (লক্ষ্যভুক্ত পরিবার কি-না) : হ্যাঁ [ ] না [ ]

তথ্য প্রদানকারীর স্বাক্ষর
নাম :
ঠিকানা :

তথ্য সংগ্রহকারীর স্বাক্ষর
নাম :
ঠিকানা :

পরিশিষ্ট-'খ'

বিভাগঃ ....
জেলাঃ ....
উপজেলা/থানাঃ ....
ইউনিয়নঃ ....
ওয়ার্ড নং (শহর)ঃ ....
গ্রাম/মহল্লাঃ ....
....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
........................কার্যালয়
এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম
পরিবার জরিপ ফরম

ক্রমিক নং ....
জরিপের তারিখ ....
সূচক নং ....
অর্থনৈতিক শ্রেণীঃ

পরিবার প্রধানের নাম ঃ পিতা/স্বামী.. পেশা..

ক্রমিক নং	পরিবারের সদস্যদের নাম	পরিবার প্রধানের সাথে সম্পর্ক	পুরুষ/ মহিলা	বয়স	বৈবাহিক অবস্থা	শিক্ষাগত যোগ্যতা	পেশা	শারীরিক যোগ্যতা			মন্তব্য
								কর্মক্ষম	কর্মক্ষমতাহীন		
									আংশিক	সম্পূর্ণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
*১											
২											
৩											
৪.											
৫.											
৬.											
৭.											

* ক্ষতিগ্রস্ত ব্যক্তির বিবরণ ঃ

আর্থ-সামাজিক তথ্যাবলী

(ক) জমি-জমা		(খ) পশু সম্পদ		(গ) ঋণের বিবরণ		(ঘ) বাৎসরিক আয়		মন্তব্য
				অন্য কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক ঋণ গ্রহণের বিবরণ				
প্রকার	পরিমাণ (শতাংশ)	প্রকার	পরিমাণ (সংখ্যা)	সংস্থার নাম	টাকার পরিমাণ	উৎস	টাকার পরিমাণ	
ভিটে বাড়ী		গরু				জমির ফসল/ভিটা (নিজ, বর্গা বা খাসে)		
আবাদী জমি (নিজ)		মহিষ				পশু-১ দুধ		
আবাদী জমি (বর্গা/লিজ)		ঘোড়া				পশু-২		
পুকুর (আবাদী)		ছাগল/ভেড়া				পুকুর/...		
পুকুর (পতিত)		হাঁস/মুরগী				মজুরী		
অন্যান্য		অন্যান্য				অন্যান্য		
	মোট	মোট				মোট		

অন্যান্য তথ্যাবলী

(ঙ) ঘর-বাড়ী (সংখ্যা লিখুন)

	নিজ	ভাড়া
পাকা ঘর		
আধা-পাকা ঘর		
টিনের ঘর		
খড়কুটা/ছনের ঘর		

(খ) পায়খানা (ব্যবহার)
(টিক দিন)

পাকা	কাঁচা	কিছুই না

গ) পানীয় জল ব্যবহার
(টিক দিন)

টিউবওয়েল	ট্যাপ	কুয়া/নদী/পুকুর

(ঘ) টিকাদান (শিশুদের দিতে হবে)
(টিক দিন)

সদস্য ক্রঃ নং	বিসিজি	পোলিও	হাম	ডিপিটি	টিটি

(ছ) পরিবার পরিকল্পনা

সক্ষম দম্পতির সংখ্যা	জন
অক্ষম দম্পতির সংখ্যা	জন
পদ্ধতি গ্রহণ (স্থায়ী)	জন
পদ্ধতি গ্রহণ (অস্থায়ী)	জন

(চ) প্রাথমিক শিক্ষা/বয়স্ক শিক্ষা

৬ বৎসর—১০ বৎসর পর্যন্ত শিশুর সংখ্যা	জন
বিদ্যালয়ে যায়	জন
বিদ্যালয়ে যায় না	জন

(ছ) অন্যান্য

মানসিক প্রতিবন্ধী	জন
দৃষ্টি প্রতিবন্ধী	জন
মূক-বধির	জন
শারীরিক প্রতিবন্ধী	জন
অন্যান্য	জন

....
কর্মকর্তার প্রতিস্বাক্ষর ও তারিখ

....
যাচাইকারীর নাম ও পদবী
(ফিল্ড সুপারভাইজার)

....
তথ্য সংগ্রহকারীর স্বাক্ষর

পরিশিষ্ট-'গ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম
(স্কীম গ্রহণের আবেদন পত্র)

ছবি

বরাবর
উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা
উপজেলা/থানা
জেলা

বিষয় ঃ **এসিডদগ্ধ/শারীরিক প্রতিবন্ধিত্বের কারণে অক্ষমগ্রস্ত হওয়ায় সুদমুক্ত ঋণ প্রাপ্তির আবেদন।**

জনাব,

আমি একজন এসিডদগ্ধ/শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি। কর্মসংস্থানের অভাবে আমি দারিদ্র্যের মধ্যে দিন যাপন করছি। পুঁজির অভাবে আমি বা আমার পরিবারের কোন লোক আয়বর্দ্ধক কোন কাজে অংশগ্রহণ করার সুযোগ পাচ্ছে না। এমতাবস্থায় আমি আপনার কার্যালয়ের এসিডদগ্ধ ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রমের আওতায় এতদ্‌সংযুক্ত.. স্কীমের অনুকূলে..টাকা ঋণ মঞ্জুরীর জন্য আবেদন জানাচ্ছি। আমি নিশ্চয়তা প্রদান করছি যে আমাকে আবেদনকৃত স্কীম বাস্তবায়নে প্রার্থীত অর্থ প্রদান করা হলে আমার উপর আরোপিত শর্তানুযায়ী যথারীতি কিস্তি মোতাবেক প্রদেয় অর্থ পরিশোধ করতে এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় নিয়মকানুন মেনে চলতে বাধ্য থাকব।

সুপারিশকারীগণের বিবরণ ঃ

আপনার বিশ্বস্ত,

ক. সদস্য/কমিশনার (সংশ্লিষ্ট ওয়ার্ড)
নাম, স্বাক্ষর ও সিলমোহর ঃ
....

খ. ইউনিয়ন সমাজকর্মী/পৌরসমাজকর্মী
নাম ও স্বাক্ষর ঃ
....

গ.

নাম ও স্বাক্ষর ঃ
....

আবেদনকারীর স্বাক্ষর..............................
তারিখ..............................
নাম..............................
পিতা/স্বামীর নাম..............................
গ্রাম/মহল্লা..............................
ওয়ার্ড নং..............................

ফিল্ড সুপারভাইজার
ইউনিয়ন..............................
উপজেলা/থানা..............................

কার্যক্রম বাস্তবায়ন কমিটির সুপারিশ ঃ

সভার তারিখ ঃ

<u>কর্তৃপক্ষের জন্য</u>

উল্লেখিত দাখিলকৃত স্কীমটি পরীক্ষান্তে বাস্তবায়ন উপযোগী বিবেচিত হওয়ায় উহার অনুকূলে................../- (...) টাকা অনুমোদন করা হলো।

নাম ও স্বাক্ষর ঃ	নাম ও স্বাক্ষর ঃ
কার্যক্রম বাস্তবায়ন কমিটির সভাপতি	উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা

পরিশিষ্ট-'ঘ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম

(স্কীমের বিবরণ)

১। স্কীমের নাম ঃ
২। স্কীম গ্রহীতার নাম ঃ
৩। তহবিলের উৎস ঃ

	টাকা
স্কীমের জন্য প্রস্তাবিত টাকা ঃ	
স্কীম গ্রহীতার নিজস্ব টাকা ঃ	
মোট টাকা ঃ	

প্রস্তাবিত তহবিলের ব্যবহার ঃ

খরচের বিবরণ	টাকার পরিমাণ
ক.	
খ.	
গ.	
ঘ.	
মোট টাকা ঃ	

৩। স্কীম বাস্তবায়ন পদ্ধতির বিবরণ ও মেয়াদ ঃ

৪। স্কীম হতে সম্ভাব্য মাসিক/বার্ষিক/এককালীন আয় (টাকায়) ঃ

৫। টাকা পরিশোধ সংক্রান্ত কিস্তির নিয়ম ঃ এককালীন/কিস্তি। কিস্তির সংখ্যা ঃ......................
প্রতি কিস্তির পরিমাণ (টাকা) ঃ......................
কিস্তি আরম্ভের তারিখ,.........মাস পর থেকে শুরু হবে।

....
স্বাক্ষর ঃ
স্কীম গ্রহীতা

৬। ইউনিয়ন সমাজকর্মী/পৌর সমাজকর্মীর মতামত ঃ

৭। জেলা সুপারভাইজারের সুপারিশ ঃ

পরিশিষ্ট-'ঙ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদফতর

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম

(স্কীমের চুক্তিপত্র)

তারিখ			

....স্কীমের জন্য চুক্তিপত্র বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদফতরের এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রমের আওতায়......................উপজেলা.................... জেলা.....................এর পক্ষে উপজেলা/ শহর সমাজসেবা কর্মকর্তা—প্রথম পক্ষ।

স্কীম গ্রহীতা... পিতা/স্বামী...
গ্রাম/ওয়ার্ড............................ ইউনিয়ন........................ উপজেলা/থানা.......................
জেলা............................—দ্বিতীয় পক্ষ।

অদ্য....................................তারিখে উভয় পক্ষের পারস্পরিক সমঝোতা ও নিম্নলিখিত শর্তাবলী মেনে চলার অঙ্গীকারে এ চুক্তিপত্র সম্পাদিত হলো।

শর্তাবলী ঃ

১। প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে...স্কীম বাস্তবায়নের জন্য টাকা....................................(কথায়).. পুঁজি হিসেবে দিতে সম্মত হয়েছেন। এই স্কীমের টাকা.. ক্রয় ও অনুমোদিত স্কীমের অন্যান্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য খরচ করা হবে।

২। দ্বিতীয় পক্ষ মঞ্জুরীকৃত টাকা স্কীম বহির্ভূত কোন কাজে ব্যয় করতে পারবেন না।

৩। দ্বিতীয় পক্ষ অনুমোদিত স্কীমের জন্য মঞ্জুরীকৃত টাকা..................................শতকরা ৫% (পাঁচ) ভাগ সার্ভিস চার্জসহ কিস্তি ভিত্তিতে সর্বমোট টাকা.......................... পরিশোধ করবেন।

৪। দ্বিতীয় পক্ষ উপরোক্ত সম্পূর্ণ টাকা মোট....................টি কিস্তিতে পরিশোধ করবেন।

৫। প্রথম কিস্তি শুরু হবে স্কীমের অর্থ গ্রহণের তারিখ হতে..............................মাস/দিন অতিক্রম হওয়ার পর।
প্রতি কিস্তি টাকা... হিসেবে পরিশোধ করবেন।

৬। প্রথম কিস্তি পরিশোধের তারিখ..

৭। শেষ কিস্তি পরিশোধের তারিখ...

৮। দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষ হতে প্রাপ্ত টাকা, উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম প্রভৃতি প্রথম পক্ষের সম্পত্তি থাকবে যতক্ষণ পর্যন্ত না দ্বিতীয় পক্ষ স্কীমের সমস্ত টাকা (সার্ভিস চার্জসহ) পরিশোধ করবেন। এ সময় দ্বিতীয় পক্ষ পূর্বোল্লেখিত উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি বিক্রয় করা বা বন্ধক দেওয়া কিংবা অন্য কোন উপায়ে ঐগুলি হস্তান্তর করতে পারবেন না যতক্ষণ না সকল কিস্তির সম্পূর্ণ টাকা পরিশোধ করবেন।

৯। দ্বিতীয় পক্ষ কর্তৃক গৃহীত স্কীমের টাকা সম্পূর্ণ পরিশোধ হলে, দ্বিতীয় পক্ষ আইনসঙ্গত-ভাবে স্কীমের টাকা ও অন্যান্য উপকরণাদির মালিকানা অর্জন করবেন।

১০। দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নিকট হতে গৃহীত স্কীমের কিস্তি যথারীতি পরিশোধ না করলে অথবা এ চুক্তির কোন শর্ত অমান্য করলে, দ্বিতীয় পক্ষ উপকরণ যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ফিরিয়ে দিতে বাধ্য থাকবেন এবং ঐগুলি প্রথম পক্ষের নিয়ন্ত্রণে থাকবে।

১১। এ চুক্তিপত্রে বর্ণিত কোন শর্ত/শর্তাবলী মেনে চলতে যদি দ্বিতীয় পক্ষ ব্যর্থ হন তা হলে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের বিরুদ্ধে জনস্বার্থে উপযুক্ত প্রশাসনিক/আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১২। এ চুক্তিপত্রের প্রতিটি ধারা আমার কাছে ব্যাখ্যা করা হয়েছে এবং আমি এর প্রতিটি ধারা ও শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকব।

(২) প্রথম পক্ষের স্বাক্ষর
(উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা)

(১) দ্বিতীয় পক্ষ—
(স্কীম গ্রহণকারীর স্বাক্ষর)

জামিনদারের নাম ও স্বাক্ষর
এবং ঋণ গ্রহীতার সাথে সম্পর্ক

সাক্ষীগণের স্বাক্ষর :

১।	২।
স্বাক্ষর :..	স্বাক্ষর :..
নাম :..	নাম :..
পিতা/স্বামীর নাম :........................	পিতা/স্বামীর নাম :........................
গ্রাম/ওয়ার্ড................ইউনিয়ন :..............	গ্রাম/ওয়ার্ড................ইউনিয়ন :..............
উপজেলা/থানা................ জেলা :............	উপজেলা/থানা................ জেলা :............

বাঃসমুঃ-২০০২/০৩-৪০৯৪কম(বি)—১২,০০০বই, ২০০৩।